**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০১ সেপ্টেম্বর, ২০০৮/ ১৭ ভাদ্র, ১৪১৫**

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০৭/১৫১ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১০ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০৭ /২৯ নম্বর প্রজ্ঞাপন মূলে বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্যা বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ- নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতি প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত 'টাস্কফোর্সে' স্পেশাল এ্যাসিসট্যান্ট, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং এটর্নী জেনারেল-কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেছে।

২। টাস্কফোর্স - এর অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৩ আগষ্ট , ২০০৮/ ১৯ শ্রাবণ, ১৪১৫**

নং-মপবি/কঃবিঃশাঃ/উক-১/২০০৮/১৪০- সিলেট বিভাগসহ বাংলাদের্শের অন্যান্য হাওর অধ্যুষিত এলাকায় পরিকল্পিত বাঁধ নির্মাণ ও খাল খনন করে নাব্যতা বৃদ্ধি এবং এ সব এলাকার জীববৈচিত্র্য সংরক্ষণ করে লাগসই চাষাবাদের মাধ্যমে এলাকাবাসীর জীবনযাত্রার মান উন্নয়ন, দেশের খাদ্য নিরাপত্তা বৃদ্ধি এবং প্রায় দেড় কোটি লোক অধ্যুষিত হাওড় অঞ্চলের উন্নয়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত উন্নয়ন কর্মকান্ডের মধ্যে সুসমন্বয়ের আবশ্যকতা দেখা দেয়ায় সরকার নিম্নরূপ একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে ঃ

(ক) <u>কমিটির গঠন ঃ</u>

| | | |
|---|---|---|
| (১) | ডঃ চৌধূরী সাজ্জাদূল করিম<br>উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় | - আহ্বায়ক |
| (২) | সচিব, কৃষি মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) | সচিব, শিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) | সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| (৮) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) | সচিব, ভূমি মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | - সদস্য |
| (১১) | সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | - সদস্য |
| (১২) | অতিরিক্ত সচিব , মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (১৩) | সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার | - সদস্য |
| (১৪) | মহা-পরিচালক, পানি উন্নয়ন বোর্ড | - সদস্য |
| (১৫) | মহা-পরিচালক, হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড | - সদস্য |
| (১৬) | মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - সদস্য |
| (১৭ ) | মহা-পরিচালক , মৎস্য অধিদপ্তর | - সদস্য |
| (১৮) | সংশ্লিষ্ট জেলা প্রশাসক | - সদস্য |

(খ) <u>কমিটির কার্যপরিধি</u>

(১) হাওর এলাকার উন্নয়নের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধন।

(২) সুরমা, কুশিয়ারাসহ হাওর এলাকার অন্যান্য নদীর অববাহিকায় পরিকল্পিত বাঁধ নির্মাণ ও খাল খননের মাধ্যমে নাব্যতা বৃদ্ধি এবং এ সব এলাকার জীব বৈচিত্র্য সংরক্ষণ করে এলাকাবাসীর জীবনযাত্রার মান উন্নয়নের জন্য সুপারিশমালা প্রণয়ন;

(৩) দেশের হাওর এলাকায় সার্বিক উন্নয়ন কার্যক্রম সুসমন্বয়ের জন্য স্বল্পমেয়াদী , মধ্যমেয়াদী, দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন।

২। কমিটি সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী কর্মকর্তা, স্থানীয় এনজিও ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তি/ সংস্থাকে প্রয়োজনবোধে কো-অপ্ট করতে পারবে।

৩। কমিটি নিয়মিত উপদেষ্টা পরিষদকে কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত করবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহযোগিতা প্রদান করবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মতিয়ার রহমান
যুগ্ম সচিব(কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৯ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/৩ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ**

নং-মপবি/কঃবিঃশাঃ/গ্যাস ও বিদ্যুৎ সংক্রান্ত কমিটি-৪/২০০৮-১২৬ সরকার চট্টগ্রাম অঞ্চলের গ্যাস ও বিদ্যুৎ সমস্যা লাঘবের উদ্দেশ্যে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করেছেঃ

**(ক) কমিটি গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | ড. হোসেন জিল্লুর রহমান<br>উপদেষ্টা, বাণিজ্য ও শিক্ষা মন্ত্রণালয় মন্ত্রণালয়। | আহ্বায়ক |
| (২) | অধ্যাপক ম.তামিম,<br>স্পেশাল এ্যাসিসট্যান্ট<br>বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। | সদস্য |
| (৩) | ব্রিগেডিয়ার জেনারেল এমএ মালেক (অবঃ)<br>স্পেশাল এ্যাসিসট্যান্ট, ডাক ও টেলিযোগাযোগ<br>এবং সমাজ কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য |
| (৪) | সচিব, বিদ্যুৎ বিভাগ। | সদস্য |
| (৫) | সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ। | সদস্য |
| (৬) | সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাস্ট্রিজ | সদস্য |
| (৭) | প্রতিনিধি, বিজিএমইএ | সদস্য |
| (৮) | ভারপ্রাপ্ত মেয়র, চট্টগ্রাম সিটি করপোরেশন | সদস্য |
| (৯) | চেয়ারম্যান, পেট্রোবাংলা | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| (১১) | সদস্য (উৎপাদন) বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| (১২) | ব্যবস্থাপনা পরিচালক, জিপিসিএল | সদস্য |
| (১৩) | পরিচালক (কারিগরী), বিজিসিবি | সদস্য |
| (১৪) | প্রধান প্রকৌশলী, বিতরণ, দক্ষিণাঞ্চল, বিউবো | সদস্য |
| (১৫) | ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিঃ | সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) চট্টগ্রামে বিদ্যমান গ্যাস ও বিদ্যুৎ সমস্যা সংক্রান্ত তথ্য ও বিশ্লেষণ।
(২) চট্টগ্রামে বাস্তায়নাধীন গ্যাস ও বিদ্যুৎ প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা।
(৩) গ্যাস ও বিদ্যুৎ সমস্যা সমাধানের জন্য স্বল্প মেয়াদী ও আশু বাস্তবায়নযোগ্য সুপারিশ প্রণয়ন।

২। এই কমিটি প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করিতে পারিবে।
৩। পেট্রোবাংলা ও বিদ্যুৎ উন্নয়ন বোর্ড যৌথভাবে কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
৪। কমিটি আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

## প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ জুন, ২০০৮/২৫ জ্যৈষ্ঠ, ১৪১৫

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৪/২০০৭/১১৩ - সরকার দুর্নীতিসহ গুরুতর অপরাধ দমন অভিযান পরিচালনার লক্ষ্যে গঠিত 'জাতীয় সমন্বয় কমিটি' বিষয়ক প্রজ্ঞাপন নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৪/২০০৭/৩৬ তারিখ ঃ ০৮ মার্চ ২০০৭ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ ক এর দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"(২) প্রধান সমন্বয়ক - মেজর জেনারেল মোহাম্মদ আব্দুল মুবীন, এনডিসি, পিএসসি, প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

আলী ইমাম মজুমদার
মন্ত্রিপরিষদ সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৭ মে, ২০০৮/২৪ বৈশাখ, ১৪১৫**

নং-মপবি/কঃবিঃশাঃ/পরিষদ-২/২০০৫/৯৮ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশব্যাপী ব্যাপকভিত্তিক ক্ষুদ্র, মাঝারী ও বৃহৎ শিল্প প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করার জন্য এবং শিল্পক্ষেত্রে বিরাজমান সমস্যাবলী দ্রুত নিরসনের লক্ষ্যে শিল্পনীতি ২০০5 এর ১৯.৭ অনুচ্ছেদের বিধান অনুযায়ী 'জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ' (এনসিআইডি) নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ

**জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি)**

(ক) **পরিষদের গঠন ঃ**

সভাপতি ঃ প্রধান উপদেষ্টা

সহ-সভাপতি ঃ স্পেশাল এ্যাসিসট্যান্ট, শিল্প মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| (১) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | - সদস্য |
| (২) | উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) | উপদেষ্টা, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) | উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) | উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) | উপদেষ্টা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) | স্পেশাল এ্যাসিসট্যান্ট, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য |
| (৮) | স্পেশাল এ্যাসিসট্যান্ট, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) | স্পেশাল এ্যাসিসট্যান্ট, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় ও বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) | স্পেশাল এ্যাসিসট্যান্ট, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | - সদস্য |
| (১১) | স্পেশাল এ্যাসিসট্যান্ট, বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | - সদস্য |
| (১২) | চেয়ারম্যান, প্রাইভেটাইজেশন কমিশন | - সদস্য |
| (১৩) | গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | - সদস্য |
| (১৪) | সচিব, শিল্প মন্ত্রণালয় | - সদস্য |
| (১৫) | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | - সদস্য |
| (১৬) | সচিব, বিদ্যুৎ বিভাগ | - সদস্য |
| (১৭) | সচিব, পরিকল্পনা বিভাগ | - সদস্য |
| (১৮) | সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| (১৯) | সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | - সদস্য |
| (২০) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (২১) | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | - সদস্য |
| (২২) | সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | - সদস্য |
| (২৩) | সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | - সদস্য |
| (২৪) | সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - সদস্য |
| (২৫) | সদস্য (শিল্প বিভাগ), পরিকল্পনা কমিশন | - সদস্য |
| (২৬) | সদস্য (শক্তি বিভাগ), পরিকল্পনা কমিশন | - সদস্য |
| (২৭) | নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড | - সদস্য |

(২৮) চেয়ারম্যান, ট্যারিফ কমিশন - সদস্য
(২৯) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন - সদস্য
(৩০) চেয়ারম্যান, বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোন অথরিটি - সদস্য
(৩১) সভাপতি, এফবিসিসিআই - সদস্য
(৩২) সভাপতি, ডিসিসিআই - সদস্য
(৩৩) সভাপতি, এমসিসিআই - সদস্য
(৩৪) সভাপতি, বিসিআই - সদস্য
(৩৫) সভাপতি, এফআইসিসিআই - সদস্য
(৩৬) সভাপতি, সিসিসিআই - সদস্য
(৩৭) সভাপতি, নাসিব - সদস্য
(৩৮) সভাপতি, বিজিএমইএ - সদস্য
(৩৯) সভাপতি, বিটিএমএ - সদস্য
(৪০) সভাপতি, বিজেএমএ - সদস্য
(৪১) সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন - সদস্য
(৪২) সভাপতি, উইমেন এন্ট্রাপ্রিনিউয়ার্স এসোসিয়েশন - সদস্য
(৪৩) মেজর জেনারেল আমজাদ খান চৌধুরী (অবঃ), প্রধান নির্বাহী, প্রাণ আরএফএল গ্রুপ ও প্রেসিডেন্ট, বাংলাদেশ-এগ্রো-প্রসেসিং এসোসিয়েশন - সদস্য
(৪৪) জনাব এম সালমান ইস্পাহানী, ব্যবস্থাপনা পরিচালক, এমএম ইস্পাহানী লিঃ ও চেয়ারম্যান, বাংলাদেশ চা সংসদ - সদস্য
(৪৫) জনাব কামরান টি. রহমান, চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক , পূবালী জুট মিলস্ লিঃ - সদস্য
(৪৬) বেগম লায়লা রহমান কবির, ব্যবস্থাপনা পরিচালক, কেদারপুর টি কোং লিঃ - সদস্য
(৪৭) জনাব মাহবুবুর রহমান, প্রেসিডেন্ট, ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স - বাংলাদেশ - সদস্য

**(খ) পরিষদের কর্মপরিধি ঃ**

(১) দেশের সার্বিক শিল্পায়নে পরিস্থিতি পর্যালোচনা এবং দেশী ও বিদেশী বিনিয়োগকে আকৃষ্ট করার লক্ষ্যে বিনিয়োগ পরিবেশ সৃষ্টি এবং উন্নয়নের জন্য আবশ্যকীয় নীতি-নির্ধারণকরণ;
(২) বিনিয়োগ বোর্ড, বিসিক, বেপজাসহ সকল শিল্প মঞ্জুরি প্রদানকারী কর্তৃপক্ষের শিল্প বিষয়ক সম্পাদিত কর্মপদ্ধতি পরিবীক্ষণ এবং তাদের কর্মসম্পাদনের তৎপরতা পর্যালোচনাকরণ;
(৩) পুনর্বাসনযোগ্য রুগ্ন শিল্পের বিভিন্ন সমস্যার উপর আলোচনা এবং পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; এবং
(৪) শিল্পায়ন সংক্রান্ত প্রাসংগিক বিষয়াদি।

(গ) পরিষদ প্রতি ছয় মাসে একবার সভায় মিলিত হবে।

(ঘ) শিল্প মন্ত্রণালয় এ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগের ২৬/০৭/২০০৫ তারিখের মপবি/ কঃবিঃশাঃ/পরিষদ- ২/২০০৫/১০৭ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটি বাতিল বলে গণ্য হবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৪ মে, ২০০৮/২১ বৈশাখ, ১৪১৫**

নং-মপবি/কঃবিঃশাঃ/পরিষদ-২/২০০৫/৯১ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশে পরিকল্পিতভাবে শিল্প কারখানা প্রতিষ্ঠা ও তা দক্ষভাবে পরিচালনা, প্রতিষ্ঠিত শিল্পকারখানাগুলোর বিদ্যমান সমস্যা সমাধানে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহের মধ্যে সমন্বয় সাধনের বিষয়ে পরামর্শ প্রদান, সুপারিশ প্রণয়ন ও সার্বিক সহায়তা প্রদানের জন্য প্রণীত শিল্পনীতি-২০০৫ এর ১৯.৮ অনুচ্ছেদের আলোকে 'সার্বিক দিক নির্দেশনা কমিটি' নিম্নরুপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) **পুনর্গঠিত কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | স্পেশাল এ্যাসিসট্যান্ট, শিল্প মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | আহবায়ক |
| (২) | চেয়ারম্যান, প্রাইভেটাইজেশন কমিশন | - | সদস্য |
| (৩) | মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | - | সদস্য |
| (৪) | গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | - | সদস্য |
| (৫) | সচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| (৬) | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | - | সদস্য |
| (৭) | সচিব, পরিকল্পনা বিভাগ | - | সদস্য |
| (৮) | সচিব, অর্থ বিভাগ | - | সদস্য |
| (৯) | সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | - | সদস্য |
| (১০) | সচিব, কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| (১১) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| (১২) | সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | সদস্য |
| (১৩) | সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | - | সদস্য |
| (১৪) | নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড | - | সদস্য |
| (১৫) | নির্বাহী চেয়ারম্যান, বেপজা | - | সদস্য |
| (১৬) | সভাপতি, এফবিসিসিআই | - | সদস্য |
| (১৭) | সভাপতি, নাসিব | - | সদস্য |
| (১৮) | চেয়ারপারসন, উইমেন এন্ট্রাপ্রিনিউয়ার্স এসোসিয়েশন | - | সদস্য |
| (১৯) | অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) কমিটি দেশে সুষ্ঠু শিল্পায়নে পরিকল্পিতভাবে শিল্প কারখানা প্রতিষ্ঠা ও তা দক্ষভাবে পরিচালনা করার জন্য শিল্প উদ্যোক্তাদের তথ্যভিত্তিক পরামর্শ ও সার্বিক সহায়তা প্রদান করবে।

(২) কমিটি সরকারী ও বেসরকারীখাতে প্রতিষ্ঠিত শিল্প কারখানাগুলোর বিদ্যমান সমস্যাবলী নিরসনে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাসমূহের মধ্যে সমন্বয় সাধন করে সুপারিশ প্রণয়ন ও সহায়তা প্রদান করবে।

(গ) কমিটি ন্যূনতম ত্রৈ-মাসিক ভিত্তিতে একবার সভায় মিলিত হবে।

(ঘ) শিল্প মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগের ১০-০৮-২০০৫ তারিখের মপবি/কঃবিঃশঃ/মসক-২/২০০৫/১২০ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটি বাতিল বলে গণ্য হবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)

৪১—

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১০ মার্চ, ২০০৮/২৭ ফাল্গুন , ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৭/২০০৭/৫৮ - মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৮ মার্চ ২০০৭ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৭/২০০৭/৭৫ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত বেতন নির্ধারণ সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি বাতিলক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বেতন নির্ধারণ সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) ড. এ বি মির্জ্জা আজিজুল ইসলাম - আহ্বায়ক
উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়।

(২) ড. ইফতেখার আহম্মদ চৌধুরী - সদস্য
উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয় , প্রবাসী কল্যাণ ও
বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

(৩) জনাব মোঃ আনোয়ারুল ইকবাল - সদস্য
উপদেষ্টা, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায়
মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

(৪) ড. এ এম এম শওকত আলী - সদস্য
উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়

(খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসটেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে) কমিটির সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ করবেন।

(গ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
(২) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়
(৩) সচিব, অর্থ বিভাগ
(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(ঘ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের লক্ষ্যে অনিষ্পন্ন কেইসসমূহের পুনর্বিবেচনা ;

(২) বেতন স্কেলের ব্যত্যয় (অহড়সধষু) দূরীকরণ/বেতন স্কেল পুনঃনির্ধারণ সংক্রান্ত কেইসসমূহ পরীক্ষা করা ; এবং

(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয় পরীক্ষা করা।

২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
৩। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হবে।
৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৮ ফেব্রুয়ারী, ২০০৮/ ১৬ ফাল্গুন, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-৬/২০০৪/৪৭ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রকল্প শেষ হওয়ার পরে অথবা প্রকল্পে তিন বছর কর্মকাল শেষ হবার পূর্বে প্রকল্প পরিচালক/ প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণের বদলির বিষয় বিবেচনা করার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৬-০৩-২০০৭ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-৬/২০০৪/৩৩ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটি বাতিলক্রমে নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির নাম ঃ** 'প্রকল্প কর্মকর্তাদের বদলি সংক্রান্ত কমিটি'।

(খ) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | ড. এ এম এম শওকত আলী<br>উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং<br>খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) | সচিব, পরিকল্পনা বিভাগ | - সদস্য |
| (৩) | সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | - সদস্য |
| (৫) | সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | - সদস্য |

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) পদোন্নতি/উচ্চতর পদায়ন এবং শাস্তিমূলক ব্যবস্থা/বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয় ব্যতীত ৩(তিন) বছর মেয়াদ সমাপ্তির পূর্বে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রকল্পে নিয়োজিত প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণকে বদলি সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করে সুপারিশ প্রদান।

(২) প্রকল্প সমাপ্তির কারণে বদলির ক্ষেত্রে কমিটির নিকট উপস্থাপনের প্রয়োজন হবে না।

(৩) মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশক্রমে জারীকৃত বদলি/নিয়োগ আদেশসমূহ কমিটির সুপারিশের আওতাবহির্ভূত থাকবে এবং তা সরাসরি কার্যকর হবে।

২। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৭ ফেব্রুয়ারি, ২০০৮/১৫ ফাল্গুন, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৩/২০০৮/৪০ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের উত্তরাঞ্চলের বেশ কয়েকটি জেলার মঙ্গা কবলিত দরিদ্র জনসাধারণের দুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে স্বল্প মেয়াদে মঙ্গা হ্রাস করা এবং দীর্ঘ মেয়াদে মঙ্গা দূরীভূত / উচ্ছেদ করার নিমিত্ত সরকারী ও বেসরকারী পর্যায়ের প্রতিনিধিদের সম্পৃক্ত করে জাতীয় পর্যায়ে নিম্নরূপ একটি কমিটি গঠন করেছে ঃ

(ক) কমিটির গঠন ঃ

(১) ড. হোসেন জিল্লুর রহমান - আহ্বায়ক
উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয়

(২) ড. চৌধুরী সাজ্জাদূল করিম - কো-আহ্বায়ক
উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয় ও পানি সম্পদ মন্ত্রণালয়

(৩) সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় - সদস্য

(৪) সচিব, কৃষি মন্ত্রণালয় - সদস্য

(৫) সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয় - সদস্য

(৬) সচিব, স্থানীয় সরকার বিভাগ - সদস্য

(৭) সচিব, অর্থ বিভাগ - সদস্য

(৮) সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় - সদস্য

(৯) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় - সদস্য

(১০) সচিব, ভূমি মন্ত্রণালয় - সদস্য

(১১) সচিব, যোগাযোগ মন্ত্রণালয় - সদস্য

(১২) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় - সদস্য

(১৩) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী - সদস্য

(১৪) প্রধান প্রকৌশলী, এলজিইডি - সদস্য

(১৫) ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ - সদস্য

(১৬) মহা-পরিচালক, বাংলাদেশ পনি উন্নয়ন বোর্ড - সদস্য

(১৭) মহা-পরিচালক, আরডিএ - সদস্য

(১৮) নির্বাহী পরিচালক, পি পি আর সি - সদস্য

(১৯) সভাপতি, বাংলাদেশ ওয়াটার পার্টনারশিপ - সদস্য

(২০) নির্বাহী পরিচালক, ব্রাক - সদস্য

(২১) উপ-ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণ ব্যাংক - সদস্য

(২২) নির্বাহী পরিচালক, আরডিআরএস - সদস্য

(২৩) সভাপতি, বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমিতি - সদস্য

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) মঙ্গা নিরসনের কার্যক্রমে সর্বোচ্চ গতিশীলতা আনতে কর্মকৌশল নিরূপণে কমিটি তার নিজস্ব সিদ্ধান্ত নেবে।

(২) কমিটি উপরের সদস্যদের মধ্য হতে প্রয়োজনে একটি ছোট ওয়ার্কিং গ্রুপ গঠন করবে।

(৩) কমিটি সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ, স্থানীয় এনজিও এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তি/সংস্থাকে প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

(৪) পিকেএসএফ, পিপিআরসি এবং এলজিইডি এ টীমকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(৫) এ কমিটি নিয়মিত উপদেষ্টা কাউন্সিলকে কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত করবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১২ ফেব্রুয়ারি, ২০০৮/৩০ মাঘ, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১২/২০০৭/৩২- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সার্বিকভাবে জনপ্রশাসনে সংস্কার করে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য 'জনপ্রশাসন সংস্কার ও সুশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি' নিম্নরূপ পুর্নগঠন করেছে ঃ

(ক) **কমিটির নাম ঃ** জনপ্রশাসন সংস্কার ও সুশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি।

(খ) **কমিটি গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) ডঃ ফখরুদ্দীন আহমদ
প্রধান উপদেষ্টা।

**সদস্যবৃন্দ**

(২) ড. এ,বি, মির্জ্জা আজিজুল ইসলাম
উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়।

(৩) ড. এ এম এম শওকত আলী
উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়

(৪) ড. হোসেন জিল্লুর রহমান
উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়।

(৫) বেগম রাশেদা কে চৌধুরী
উপদেষ্টা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

(গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসটেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে) কমিটির সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহন করবেন।

(ঘ) **সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
(২) মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
(৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
(৪) সচিব, অর্থ বিভাগ।
(৫) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
(৬) সচিব, পরিকল্পনা বিভাগ।
(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব।

**(ঙ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) সার্বিকভাবে জনপ্রশাসন সংস্কার করে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান।

(২) প্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধিকল্পে দিক নির্দেশনা প্রদান।

(৩) প্রজাতন্ত্রের কর্মচারীদের ক্যারিয়ার প্ল্যানিং, চাকুরী জীবনের দক্ষতা ও উৎকর্ষতা বৃদ্ধি বিষয়ক দিক-নির্দেশনা প্রদান।

(৪) উর্দ্ধতন পর্যায়ে এবং মাঠ পর্যায়ের শীর্ষ পদে রদবদল/নিয়োগের জন্য নীতিমালার বিষয়ে দিক-নির্দেশনা প্রদান।

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এতদ্বারা এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ জুলাই, ২০০৭ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১২/২০০৭/১৩২ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটি বাতিল করা হলো।

৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান,
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১০ ফেব্রুয়ারি ২০০৮/২৮ মাঘ ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০৭/৩০ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্যা, বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের সুপারিশসমূহ বাস্তবায়নের নিমিত্ত 'টাস্কফোর্স বাস্তবায়ন কমিটি' নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ

(ক) টাস্কফোর্স বাস্তবায়ন কমিটির গঠন ঃ

(১) উপদেষ্টা, নৌ-পরিবহন মন্ত্রণালয় - সভাপতি
(২) উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
(৩) উপদেষ্টা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় - সদস্য
(৪) স্পেশাল এ্যাসিসটেন্ট, পরিবেশ ও বন মন্ত্রণালয় - সদস্য
(৫) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় - সদস্য
(৬) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় - সদস্য
(৭) প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (যুগ্ম-সচিব পদমর্যাদার নিচে নয়) - সদস্য
(৮) প্রতিনিধি, ভূমি মন্ত্রণালয় (যুগ্ম-সচিব পদমর্যাদার নিচে নয়) - সদস্য
(৯) প্রতিনিধি, পানি সম্পদ মন্ত্রণালয় (যুগ্ম-সচিব পদমর্যাদার নিচে নয়) - সদস্য
(১০) জেলা প্রশাসক, ঢাকা - সদস্য
(১১) জেলা প্রশাসক, নারায়নগঞ্জ - সদস্য
(১২) চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ - সদস্য-সচিব

(খ) কার্যপরিধি ঃ

কমিটি বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্যা, বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা ও নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের সুপারিশসমূহ বাস্তবায়ন করবে।

২। বিআইডব্লিউটিএ বাস্তবায়ন কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ২৭-২-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০২/৬৫ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত 'টাস্কফোর্স বাস্তবায়ন কমিটি' বাতিল করা হলো।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১০ ফেব্রুয়ারি, ২০০৮/২৮ মাঘ, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০৭/২৯- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্যা, আলু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা এবংর নদীর স্বাভাবিক গতি প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে নদীর উভয় তীরসহ নদীর অভ্যন্তরে অবৈধ দখলসহ অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ, পরিবেশ সংরক্ষণ ও নদীর সংস্কার করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ টাস্কফোর্স পুনর্গঠন করেছেঃ

**(ক) টাস্কফোর্সের গঠন ঃ**

**সভাপতি**

(১) উপদেষ্টা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) উপদেষ্টা, ভূমি মন্ত্রণালয়।
(৩) উপদেষ্টা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
(৪) মেয়র, ঢাকা সিটি কর্পোরেশন।
(৫) প্রফেসর মোজাফফর আহমদ
সভাপতি, বাংলাদেশ পরিবেশ আন্দোলন
৯/১২, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭।
(৬) প্রফের আব্দুল্লাহ আবু সাঈদ
সহ-সভাপতি, বাংলাদেশ পরিবেশ আন্দোলন
বিশ্ব সাহিত্য কেন্দ্র, ১৪, ময়মনসিংহ রোড,
৩৬৭/১, ফ্রি স্কুল স্ট্রীট (২য় তলা), বাংলা মোটর, ঢাকা।
(৭) প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬২/১, ধানমন্ডি আ/এ, , রোড নং-১২/এ, ঢাকা।
(৮) ডঃ আইনুন নিশাত, কান্ট্রি রিপ্রেজেনটেটিভ
আইইউসিএন, বাড়ি-১১, রোড-১৩৮, গুলশান, ঢাকা।
(৯) জনাব মাহফুজ আনাম, সম্পাদক. দি ডেইলী স্টার
১৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
(১০) জনাব মোঃ কামরুল ইসলাম চৌধুরী, সভাপতি, পরিবেশ জার্নালিস্ট ফোরাম
৪১/১/খ, সেগুনবাগিচা, ঢাকা।

**(খ) কার্যপরিধি ঃ**

(১) কমিটি বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্য, বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ অন্যান্য নদ-নদীর নাব্যতা ও নদীর স্বাভাবিক গতি প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে নদীর উভয় তীরসহ নদীর অভ্যন্তরে অবৈধ দখলসহ অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ, পরিবেশ সংরক্ষণ ও নদীর সংস্কার করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়ন করবে;

(২) সরকার কর্তৃক গত ০২-১০-২০০২ তারিখে গঠিত টাস্কফোর্সের সুপারিশসমূহ বলবৎ থাকবে।

২। নৌ-পরিবহন মন্ত্রণালয় টাস্কফোর্স-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ০২-১০-২০০২ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১৫/২০০২/২২৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত টাস্কফোর্স বাতিল করা হলো।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা , ১৬ জানুয়ারি ২০০৮/৩ মাঘ ১৪১৪**

নং-মপবি /ক:বি:শা:/উপদেষ্টা পরিষদ-১ /২০০৬/১৭- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত উপদেষ্টা পরিষদ কমিটি / পরিষদসমূহ গঠন করেছে:

(১) সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(২) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(৩) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি(একনেক)।
(৪) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)।
(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(৬) আইন -শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(৭) প্রশ াসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত বাস্তবায়ন কমিটি (নিকার)।
(৮) বাংলাদেশ পরিকল্পনা কমিশন ।
(৯) সারের মূল্য ও বিতরণ ব্যবস্থাপনা ও সার্বিক সমন্বয় জন্য আন্ত:মন্ত্রণালয় কমিটি।

২। উপর্যুক্ত উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/কমিটিসমুহের গঠন, সহায়তাদানকারী কর্মকর্তাগণ, কমিটির কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট 'ক' হতে 'ঝ' তে প্রদত্ত হলো।

৩। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/কমিটিসমুহের সভার কার্যবিবরনী অনুমেদিত হওয়ার তিন দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও উন্নয়ন অনুবিভাগে ) প্রেরণ করতে হবে ।

৪। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/কমিটিসমুহের যে সমস্ত সুপারিশ/সিধান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদের সভায় পেশ করার প্রয়োজন ,তা বাস্তবায়ন উপদেষ্টা পরিষদের সভায় পেশ করতে হবে । উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/কমিটিসমুহের অন্যান্য সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে প্রধান উপদেষ্টার অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদসংক্রান্ত পূর্বে গঠিত কমিটি / পরিষদ/কমিশন/কমিটিসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

পরিশিষ্ট -ক

## সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

**(ক) কমিটির গঠন :**

**আহবায়ক**

(১) ড.এ,বি, মির্জ্জা আজিজুল ইসলাম
উপদেষ্টা ,অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দঃ**

(২) জনাব মোঃ আনোয়ারুল ইকবাল
উপদেষ্টা,স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

(৩) জনাব এ এফ হাসান আরিফ
উপদেষ্টা , আইন ,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(৪) মেজর জেনারেল গোলাম কাদের (অবঃ)
উপদেষ্টা ,যোগাযোগ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ।

(৫) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা ।

**(খ)** সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসট্যান্ট (প্রযোজ্য ক্ষেত্রে )কমিটি সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহন করবেন ।

**(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণঃ**

(১)মন্ত্রিপরিষদ সচিব ।
(২)মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয় ।
(৩)সচিব ,অর্থ বিভাগ ।
(৪)সচিব ,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৫)সচিব,বাস্তবায়ন ,পরিবীক্ষণ ও মুল্যায়ণ বিভাগ ।
(৬)পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য ।
(৭)সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের সচিব।

**(ঘ) কমিটির কার্যপরিধিঃ**

(১) সকল মন্ত্রণালয় /বিভাগ/অধঃস্তন দপ্তর /আধা-সরকারী সংস্থা/ স্বায়ত্বশাসিত সংস্থা রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার উর্দ্ধে ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(২) পরামর্শক সার্ভিস (কনসালট্যান্সি সার্ভিসেস) সার্ভিসেস সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৩) উপরের (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি কোটি টাকার উর্দ্ধের) পুনঃদরপত্র আহ্বানের পুর্নবিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা।

(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহবান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ।

**(ঙ)** কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(চ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

**(ছ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**(জ)** মন্ত্রিপরিষদ বিভাগের ১-০১-০৮ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -১/২০০৬/১৩ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত ' সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি'বাতিল বলে গন্য হবে।

পরিশিষ্ট -খ

## অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।

(ক) কমিটির গঠন :

আহবায়ক

(১) ড.এ,বি, মির্জ্জা আজিজুল ইসলাম
উপদেষ্টা ,অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) ড.এ এম এম শ্ওকত আলী
উপদেষ্টা , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং খাদ্য ও দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।

(৩) মেজর জেনারেল গোলাম কাদের (অব:)
উপদেষ্টা ,যোগাযোগ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

(৪) ড.হোসেন জিল্লুর রহমান
উপদেষ্টা ,বানিজ্য মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়।

(৫) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা।

(খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসট্যান্ট (প্রযোজ্য ক্ষেত্রে )কমিটি সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহন করবেন ।

(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ:

(১) মন্ত্রিপরিষদ সচিব ।

(২) মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয় ।

(৩) গভর্ণর ,বাংলাদেশ ব্যাংক।

(৪) সচিব ,শিল্প মন্ত্রণালয় ।

(৫) সচিব ,অর্থ বিভাগ।

(৬) সচিব,পররাষ্ট্র মন্ত্রণালয়।

(৭) সচিব ,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৮) সচিব ,অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

(৯) সচিব ,বাণিজ্য মন্ত্রণালয়।

(১০) সচিব ,বাস্তবায়ন ,পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ

(১১) পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য ।

(১২) পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য ।

(ঘ) কমিটির কার্যপরিধিঃ

(১) দেশের সার্বিক অর্থ ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন;

(২) উপদেষ্টা পরিষদে উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত প্রস্তাব /নীতি বিবেচনা ও সুপারিশ প্রণয়ন :

ক.বাণিজ্য নীতি (আমদানি নীতি ,রপ্তানী নীতি প্রভৃতিসহ );

খ.শিল্পনীতি;

গ.বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলী;

(৩) ব্যাংক ,বীমা ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমুহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় সুপারিশপ্রণয়ন ;এবং

(৪) বিভিন্ন সরকারী /স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য ভতুর্কি সংক্রান্ত বিষয়াদি ।

(৫) বিধিবদ্ধ সংস্থাসমুহের সম্পাদিত কার্যাবলী বিশেষত: উহাদের আর্থিক ফলাফল বিবেচনা ।

(৬) বানিজ্য সম্প্রসারণ ও জনশক্তি রফ্তানি বিষয়ে নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি বিবেচনা ।

(ঙ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(ছ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(জ) মন্ত্রিপরিষদ বিভাগের ২১-০১-০৭ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -১/২০০৬/০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' বাতিল বলে গন্য হবে।

পরিশিষ্ট -গ

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

**(ক) কমিটির গঠন :**

**চেয়ারম্যান :**

(১) প্রধান উপদেষ্টা ,

**বিকল্প চেয়ারম্যান :**

(২) ড.এ.বি, মির্জ্জা আজিজুল ইসলাম
উপদেষ্টা ,অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়।

**সদস্য**

(৩) উপদেষ্টা পরিষদের সদস্যগণ

(খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসটেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে )কমিটি সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহন করবেন ।

**(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ:**

(১)মন্ত্রিপরিষদ সচিব
(২)মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয়
(৩) সচিব ,অর্থ বিভাগ
(৪) সচিব ,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(৫) সচিব ,পরিকল্পনা বিভাগ
(৬)সচিব,বাস্তবায়ন ,পরিবীক্ষণ ও মুল্যায়ণ বিভাগ
(৭) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
(৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের সচিব

**(ঘ) নির্বাহী কমিটির কার্যপরিধি:**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি)বিবেচনাা ও অনুমোদন;
(২) সরকারী খাতে ২৫(পঁচিশ) কোটি টাকার উর্দ্ধে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত প্রকল্পে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভায় সুপারিশক্রমে বিবেচনা ও অনুমোদন ;
(৩) উন্নয়ন প্রকল্পসমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ;
(৪) বেসরকারী উদ্যোগ ,যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহনে বিনিয়োগ কোম্পানীসমুহের প্রস্তাব বিবেচনা;
(৫) অর্থনৈতিক পরিস্থিতি পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও সংশ্লিষ্ট নীতি নির্ধারণী বিষয়সমুহ পর্যালোচনা ;
(৬) সরকারী সংস্থাসমুহের উৎপন্ন দ্রব্যের মূল্য ও জনসেবামূলক সার্ভিসসমূহের রেট ,ফিস ইত্যাদি বিবেচনা ;
(৭) বৈদেশিক সাহায্যের বিষয়ে নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা ।

(ঙ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(চ) পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের ২১-০১-০৭ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -১/২০০৬/০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত ' জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি(একনেক)'বাতিল বলে গন্য হবে।

**পরিশিষ্ট -ঘ**

**জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)।**

**(ক) কমিটির গঠন :**

**চেয়ারম্যান :**

(১) প্রধান উপদেষ্টা ,

**বিকল্প চেয়ারম্যান :**

(২) উপদেষ্টা পরিষদের সদস্যগণ

**(খ)** সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসটেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে )কমিটি সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহন করবেন ।

**গ) কমিটির কার্যপরিধিঃ**

(১) দরিদ্র নিরসন কৌশলপত্র ,বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং অর্থনৈতিক কর্মপন্থা (পলিসি) নিরূপনের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;

(২) পরিকল্পনা,কর্মসূচী এবং কর্মপন্থার চুড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান ;

(৩) উন্নয়ন কর্মসূচির বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ;

(৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহন;এবং

(৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোন কমিটি গঠন।

**(ঘ)** পরিষদ বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(চ)** পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**(জ)** মন্ত্রিপরিষদ বিভাগের ২১-০১-০৭ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -১/২০০৬/০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত ‘ জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)’বাতিল বলে গন্য হবে।

পরিশিষ্ট -৬

## জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।

**(ক) কমিটির গঠন :**

আহবায়ক :

(১) ড.ইফতেখার আহমেদ চৌধুরী
উপদেষ্টা ,পররাষ্ট্র মন্ত্রণালয় ,প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) ড. চৌধুরী সাজ্জাদুল করিম
উপদেষ্টা ,কৃষি মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়।

(৩) বেগম রাশেদা কে ,চৌধুরী
উপদেষ্টা ,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(৪) ড.হোসেন জিল্লুর রহমান
উপদেষ্টা ,বাণিজ্য মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়।

(৫) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা ।

**(খ)** সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসটেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে )কমিটি সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহন করবেন ।

**(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ:**

(১) মন্ত্রিপরিষদ সচিব
(২) মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয়
(৩) সচিব ,অর্থ বিভাগ
(৪) সচিব ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৫) সচিব,তথ্য মন্ত্রণালয়
(৬) সচিব,শিক্ষা মন্ত্রণালয়
(৭) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
(৮) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**(ঘ) কমিটির কার্যপরিধি:**

(১)জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয় /বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবসমুহ পরীক্ষা করা ;
(২)বিভিন্ন জাতীয় পুরস্কারের ক্রমমূল্যায়ন এবং প্রযোজনবোধে পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান ;
(৩)নতুন ধরনের কোন জাতীয় পুরস্কার প্রবর্তনের প্রস্তাব পরীক্ষা করা ;

**(ঙ)** কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(চ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহিত সিধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

**(ছ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**(জ)** মন্ত্রিপরিষদ বিভাগের ২১-০১-০৭ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -১/২০০৬/০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি 'বাতিল বলে গন্য হবে।

পরিশিষ্ট -চ

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

**(ক) কমিটির গঠন :**

**আহবায়ক :**

(১) মেজর জেনারেল এম এ মতিন ,বিপি (অব:)
উপদেষ্টা , স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় ,এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ।

**সদস্যবৃন্দ**

(২) জনাব মো: আনোয়ারুল ইকবাল ,
উপদেষ্টা , স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ,
বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

(৩) জনাব এ এফ হাসান আরিফ
উপদেষ্টা , আইন ,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসটেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে )কমিটি সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহন করবেন ।

**(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ:**

(১)মন্ত্রিপরিষদ সচিব
(২)মুখ্য সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয়
(৩)সচিব ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৪) প্রিন্সিপাল স্টাফ অফিসার ,সশস্ত্র বাহিনী বিভাগ
(৫) চিফ অব জেনারের স্টাফ,সশস্ত্র বাহিনী বিভাগ
(৬)মহাপুলিশ পরিদর্শক
(৭) মহাপরিচালক ,বাংলাদেশ রাইফেলস
(৮) মহাপরিচালক ,প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা
(৯) মহাপরিচালক ,জাতীয় নিরাপত্তা গোয়েন্দা
(১০) মহাপরিচালক ,জাতীয় নিরাপত্তা গোয়েন্দা
(১১) মহাপরিচালক ,কোষ্টগার্ড
(১২) মহাপরিচালক,র‌্যাপিড এ্যাকশন ব্যাটিলিয়ন

**(ঘ)কমিটির কার্যপরিধি:**

(১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন।
(২) যে কারনে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটতে পারে সে কারনগুলো পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণপূর্বক ভবিষ্যতে এগুলো দূরীকরণের প্রয়োজনীয় সুপারিশ প্রদান।
(৩) হরতাল,ধর্মঘট ইত্যাদিসহ জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী ঘটনাবলী এবং এগুলোর ফলে জনজীবনে যে দুর্ভোগ ও অচলাবস্থা সৃষ্টি হয় তা পরিহারের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সিগুলোর করণীয় ও গ্রহনীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান ।
(৪) উপরোক্ত বিষয় সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান ।
(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(ঙ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগের ২১-০১-০৭ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -১/২০০৬/০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত গঠিত আইন -শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি বাতিল বলে গন্য হবে।

পরিশিষ্ট -ছ

## প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার )

(ক) কমিটির গঠন :

আহবায়ক :

(১) ড:ফখরুদ্দিন আহমদ
প্রধান উপদেষ্টা ।

সদস্যবৃন্দ

(২) ড. এ,বি, মির্জ্জা আজিজুল ইসলাম
উপদেষ্টা ,অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পণা মন্ত্রণালয় ।

(৩) জনাব মো: আনোয়ারুল ইকবাল ,
উপদেষ্টা , স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ,
বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ।

(৪) জনাব এ এম এম শওকত আলী
উপদেষ্টা , স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় এবং
খাদ্য দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।

(৫) বেগম রাশেদা কে, চৌধুরী
উপদেষ্টা ,প্রাথমিক ও গনশিক্ষা মন্ত্রণালয় এবং
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(৬) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা /স্পেশাল এ্যাসিসট্যান্ট।

(৭) মন্ত্রিপরিষদ সচিব

(৮) মুখ্য সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয়

(৯) সচিব,স্থানীয় সরকার বিভাগ

(১০) সচিব ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(১১) সচিব,সংস্থাপন মন্ত্রণালয়

(১২) সচিব ,অর্থ বিভাগ

(১৩) সচিব ,আইন ,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ।

(১৪) সদস্য,( ভৌত অবকাঠামো ),পরিকল্পনা কমিশন ।

(খ) কমিটির কার্যপরিধি:

সরকার কর্তৃক অনুমোদিত প্রশাসনিক পুনর্গঠন/পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় কমিটির সুপারিশসমূহ বাস্তবায়ন করা। এ বাস্তবায়ন প্রক্রিয়ায় অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নোক্ত পদক্ষেপসমুহ গ্রহণ করা ঃ

(১) নতুন বিভাগ, জেলা, উপজেলা, থানা ও তদন্ত কেন্দ্র গঠন/স্থাপনের প্রস্তাব বিবেচনা করা এবং উক্ত স্তরসমূহের ন্যূনতম বিভিন্ন শ্রেণীর লোকবল (কর্মকর্তা ও কর্মচারী) এবং প্রয়োজনীয় অন্যান্য ভৌত সুবিধাদি নিরূপণ;

(২) যে সকল মন্ত্রণালয়/বিভাগের কর্মতৎপরতা জেলা এবং থানা পর্যায় পর্যন্ত বিস্তৃত, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ সংক্রান্ত সরকারী নীতিমালা বাস্তবায়নে সেই সকল মন্ত্রণালয়/বিভাগকে দিক-নির্দেশনা প্রদান ;

(৩) বিভাগ, জেলা, উপজেলা ও থানা পর্যায়ে জরুরী প্রয়োজনে ভৌত অবকাঠামো নির্মাণ/সংরক্ষণে বরাদ্দ প্রদানের বিষয়ে নির্দেশ প্রদান;

(৪) সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত কমিশনের সুপারিশসমূহ বিবেচনা ;

(৫) প্রবর্তিত নূতন প্রশাসন ব্যবস্থার কার্যক্রমসমূহ সময় সময় পুনরীক্ষণ করা এবং পল্লী উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জনে সরকারকে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান;

(৬) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি বিবেচনা করা;

(গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা ও সচিব কমিটির বৈঠকে উপস্থিত থাকবেন। প্রয়োজনবোধে এ কমিটি নূতন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগের ২৮-০৩-০৭ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -৫/২০০৭/৭৬ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার )'বাতিল বলে গন্য হবে।

পরিশিষ্ট -জ

## 'বাংলাদেশ পরিকল্পনা কমিশন'

(ক) কমিশনের গঠন ঃ

**চেয়ারম্যান**

(১) প্রধান উপদেষ্টা

**ভাইস-চেয়ারম্যান**

(২) ড. এ,বি, মির্জ্জা আজিজুল ইসলাম
উপদেষ্টা ,অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পণা মন্ত্রণালয় ।

**সদস্য**

(৩) পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ

**সদস্য-সচিব**

(৪) সচিব, পরিকল্পনা বিভাগ

(খ) কার্যপরিধি ঃ

(১) রুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলী।

(২) চেয়ারম্যান, বাংলাদেশ পরিকল্পনা কমিশন এর সভাপতিত্বে অনুষ্ঠেয় বর্ধিত সভায় নিম্নলিখিত কার্যাবলীও সম্পন্ন হবে ঃ

(২.১) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা।

(২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী চূড়ান্তকরণ ।

(২.৩) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা এবং দারিদ্র্য নিরসন কৌশল বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদ করণের নির্দেশনা প্রদান।

(২.৪) পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলী।

(২.৫) পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলী সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ ।

(গ) নিম্নলিখিত কর্মকর্তাগণকে পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে ঃ

(১) সচিব, অর্থ বিভাগ

(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৪) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ।

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের -০৪-০৪-০৭ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -১/২০০৭/৮২ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'বাংলাদেশ পরিকল্পনা কমিশন''বাতিল বলে গন্য হবে।

পরিশিষ্ট -ঝ

## সারের মূল্য ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা এবং সার্বিক সমন্বয় সাধনের জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটি

(ক) কমিটির গঠন ঃ

আহবায়ক :

(১) জনাব এ এম এম শওকত আলী
উপদেষ্টা , স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় এবং
খাদ্য দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) ড. চৌধুরী সাজ্জাদুল করিম
উপদেষ্টা , অর্থ মন্ত্রণালয় এবং
পরিকল্পনা মন্ত্রণালয়।

(৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বে নিয়োজিত স্পেশাল এ্যাসিসট্যান্ট

(৪) সচিব, শিল্প মন্ত্রণালয়

(৫) সচিব, কৃষি মন্ত্রণালয়

(৬) সচিব, অর্থ বিভাগ

(৭) সভাপতি, এফবিসিসিআই

(৮) সভাপতি, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন

(৯) চেয়ারম্যান, বিসিআইসি

(১০) মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(১১) চেয়ারম্যান, বি.এ.ডি.সি

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(১) দেশে সকল প্রকার সারের উৎপাদন/আমদানি চাহিদা ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন;

(২) কৃষকদের নিকট সঠিক সময়ে সার সরবরাহের নিশ্চয়তা বিধানকল্পে সার বিতরণ ব্যবস্থা পর্যালোচনা ও এ বিষয়ে সুপারিশ/পরামর্শ প্রদান;

(৩) বর্তমানে সারের ডিলার নিয়োগ পদ্ধতি পর্যালোচনা এবং এর সঠিকতা যাচাই করে সুপারিশ পেশ;

(৪) অন্যান্য সুপারিশমালা যদি থাকে;

(৫) কমিটি বিভিন্ন কৃষি মৌসুমে প্রতিমাসে অন্তত: একবার প্রয়োজনে একাধিকবার বৈঠকে বসবে।

(গ) কমিটি প্রয়োজনবোধে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) কৃষি মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের ১-১-০৮ তারিখের মপবি/কবিশা/উপদেষ্টা পরিষদ -১৪/২০০৭/০৫ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত সারের মূল্য ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা এবং সার্বিক সমন্বয় সাধনের জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটি বাতিল বলে গন্য হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ জানুয়ারি, ২০০৮/২৭ পৌষ, ১৪১৪

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৩-মন্ত্রিপরিষদ বিভাগের গত ২১ জানুয়ারি, ২০০৭/৮ মাঘ ১৪১৩ তারিখের নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' বাতিলক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' নিম্নরূপ পুনঃগঠন করেছেঃ

(ক) কমিটি গঠন ঃ

আহ্বায়ক

(১) ড, এ,বি, মির্জ্জা আজিজুল ইসলাম,
উপদেষ্টা অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(৩) জনাব মোঃ আনোয়ারুল ইসলাম,
উপদেষ্টা, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

(৪) জনাব এ এফ হাসান আরিফ,
উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(৫) মেজর জেনারেল গোলাম কাদের (অব:),
উপদেষ্টা, যোগাযোগ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

(৬) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা।

(খ) সহায়তাদানকারী কর্মকর্তা ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব।
(২) মুখ্যসচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
(৩) সচিব, অর্থ বিভাগ।
(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
(৬) পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য।
(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব।

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধঃস্তন দপ্তর/ আধা-সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার উর্দ্ধে ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(২) পরামর্শক সার্ভিস (কনসালটেন্সি সার্ভিস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্ধে চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৩) উপরের (১) ও (২) উপঅনুচ্ছেদে উল্লেখিত অংকের টাকার ( যথাক্রমে ২৫ কোটি ও পাঁচ কোটি টাকার উর্দ্ধে) পুনঃদরপত্র আহ্বানের পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;

(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ;

২। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে:

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। ২১ জানুয়ারি, ২০০৭ তারিখের মপবি/কঃবিঃশাঃ.উপদেষ্টা পরিষদ-১/২০০৬/০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টাপরিষদ কমিটি'র বিষয় অপরিবর্তিত থাকবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০১ জানুয়ারি, ২০০৮/১৮ পৌষ, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১৪/২০০৭/০৫- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সারের মূল্য ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা এবং সার্বিক সমন্বয় সাধনের জন্য মাননীয় উপদেষ্টা, বস্ত্র ও পাট মন্ত্রালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং মাননীয় উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়দ্বয়কে কো-চেয়ারপার্সন করে নিম্নরূপ একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি পুর্নগঠন করেছেঃ

**কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | উপদেষ্টা,<br>শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়,<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | কো-চেয়ারম্যান |
| (২) | কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়<br>এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়। | কো-চেয়ারম্যান |
| (৩) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৬) | সভাপতি, এফবিসিসিআই | সদস্য |
| (৭) | সভাপতি, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, বিসিআইসি | সদস্য |
| (৯) | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, বিএডিসি | সদস্য |

২। কো-চেয়ারপার্সনদ্বয় যৌথভাবে সভায় সভাপতিত্ব করবেন।

৩। একজন কো- চেয়ারপার্সনের অনুপস্থিতিতে অপর কো- চেয়ারপার্সন সভায় সভাপতিত্ব করবেন।

৪। ইতোপূর্বে ১৫ জুলাই,২০০৭ তারিখ মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১৪/২০০৭/১৩৯ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটির কার্যপরিধি ও অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৩ সেপ্টেম্বর, ২০০৭/২৯ ভাদ্র, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-৫/২০০৭/১৯২ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-৮-২০০৭ তারিখো মপবি/কঃবিঃশাঃ/সক-৫/২০০৭/১৬৪ নম্বর প্রজ্ঞাপনমূলে সিরাজগঞ্জ, ফেনী ও কুড়িগ্রাম জেলার উলিপুর এলাকায় বন্যা পরিস্থিতির ভয়াবহতার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবহেলা ও দায়-দায়িত্ব নিরূপনের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় তদন্ত কমিটির প্রতিবেদন দাখিলের সময়সীমা ৩০-৯-২০০৭ তারিখ পর্যন্ত ১(এক) মাস বর্ধিত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা ২৬ আগষ্ট, ২০০৭/১১ ভাদ্র, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-৭/২০০৭/১৭১ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বন্যা কবলিত বিভিন্ন জেলায় বন্যা-পরবর্তী পূনর্বাসন কার্যক্রম জেলা পর্যায়ে সার্বিক সমন্বয় ও তদারকির জন্য নিম্নরূপ কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটির নাম ঃ** জেলা বন্যা-পরবর্তী পূনর্বাসন কার্যক্রম সমন্বয় ও তদারকি কমিটি।

**(খ) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | - সভাপতি |
| (২) | সশস্ত্র বাহিনী বিভাগের একজন প্রতিনিধি | - সদস্য |
| (৩) | পুলিশ সুপার | - সদস্য |
| (৪) | নির্বাহী প্রকৌশলী , সড়ক ও জনপথ বিভাগ | - সদস্য |
| (৫) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | - সদস্য |
| (৬) | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড | - সদস্য |
| (৭) | স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/এনজিও প্রতিনিধি (দুইজন কমিটির অপর সদস্যগণ কর্তৃক মনোনীত হবেন) | - সদস্য |

**(গ)** কমিটির সভায় অন্য যে কোন কর্মকর্তাকে বা অন্য কাউকে আমন্ত্রণ জানানো যাবে।

**(ঘ)** কমিটি সরকার কর্তৃক গৃহীত বন্যা-পরবর্তী পূনর্বাসন কার্যক্রম সঠিকভাবে পরিচালনার বিষয়ে সার্বিক সমন্বয় ও তদারকির দায়িত্ব পালন করবে।

**(ঙ)** কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হবে এবং গৃহীত সিদ্ধান্ত ও সুপারিশ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/সংস্থা/বিভাগকে নিয়মিত অবহিত পূর্বক বাস্তবায়ন ত্বরান্বিত করতে সহায়তা করবে।

**(চ)** বন্যা উপদ্রুত জেলাগুলোতে ত্রাণ ও পুনর্বাসন কাজের তদারকির দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা সংশ্লিষ্ট জেলা কমিটির সভায় উপস্থিত থাকতে অথবা নির্দেশনা দিতে পারবেন।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১/২)/২০০১-১৭০** তারিখ ঃ ২৫-০৮-২০০৭ / ১০-০৫-১৪১৪

**সরকারী আদেশ**

জনপ্রশাসন সংস্কার ও সুশাসন বিষয়ক মন্ত্রিসভা কমিটির গত ২৫-৫-২০০৬ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১/১১১ নম্বর স্মারকে জারীকৃত রাজস্ব খাতে অস্থায়ীভাবে পদ সৃষ্টি, উন্নয়ন প্রকল্প থেকে রাজস্ব খাতে পদ স্থানান্তর, পদ সংরক্ষণ, পদ স্থায়ীকরণের নীতি ও পদ্ধতির বিষয়ে সরকার নিম্নরূপ সংশোধনী আনয়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

"মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১/১১১ নম্বর স্মারকে জারীকৃত অস্থায়ীভাবে পদ সৃষ্টি পূর্বক বছরভিত্তিক পদ সংরক্ষণের নীতিমালা সামরিক বাহিনীর (সেনা, নৌ ও বিমান বাহিনী) ইউনিট গঠন/পুনর্গঠনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। তবে এ বিষয়টি ভবিষ্যতে অন্য কোন বিষয়ে নজীর হিসেবে ব্যবহার করা যাবে না।"

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশটি অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন

**গণপ্রজাতন্ত্রী বাংলদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৯আগষ্ট , ২০০৭/০৪ ভাদ্র , ১৪১৪**

নং-মপবি/ক:বি:শা:/কপগ-৮/২০০২/১৬৭ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মানীয় প্রধান উপদেষ্টা সভাপতি করে 'জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল' জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল'কমিটি গঠন করেছে ঃ

(ক) **কমিটির নাম ঃ** 'জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল'

(খ) **কমিটির গঠন ঃ**

(১) প্রধান উপদেষ্টা - সভাপতি

(২) উপদেষ্টা - সদস্য
অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়
এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

(৩) উপদেষ্টা - সদস্য
পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান
মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

(৪) উপদেষ্টা - সদস্য
শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি
বিষয়ক মন্ত্রণালয়

(৫) উপদেষ্টা - সদস্য
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় এবং
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(৬) উপদেষ্টা - সদস্য
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং শ্রম ও
কর্মসংস্থান মন্ত্রণালয়

(৭) মন্ত্রিপরিষদ সচিব - সদস্য
(৮) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় - সদস্য
(৯) চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন - সদস্য
(১০) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক - সদস্য
(১১) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো),পরিকল্পনা কমিশন - সদস্য
(১২) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় - সদস্য
(১৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয় - সদস্য
(১৪) সচিব, শিক্ষা মন্ত্রণালয় - সদস্য
(১৫) রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা - সদস্য
(১৬) চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন - সদস্য
(১৭) ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয় - সদস্য
(১৮) সভাপতি, বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি - সদস্য
(১৯) অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয় - সদস্য-সচিব

(ঘ) কাউন্সিলের কার্যপরিধি ঃ

(১) জাতীয় প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন, পর্যালোচনা, মূল্যায়ন এবং প্রয়োজনীয় সংশোধনপূর্বক যুগোপযোগী করার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান ;

(২) প্রশিক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার স্থির করা এবং প্রাধিকারের ভিত্তিতে সম্পদ বরাদ্দের দিক নির্দেশনা প্রদান;

(৩) জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার উপযোগী জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন ও এর বাস্তবায়ন সম্পর্কে দিক নির্দেশনা প্রদান ;

(৪) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা মূল্যায়নের ভিত্তিতে ফলাফল ও কার্যকারিতা সম্পর্কে অবহিত হওয়া ; এবং

(৫) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা অধিকতর ফলপ্রসূ ও কার্যকর করণের ব্যাপারে দিক নির্দেশনা প্রদান।

২। সংস্থাপন মন্ত্রণালয় কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-৮/২০০২/৯৫ প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটি বাতিল করা হলো।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৬ আগষ্ট , ২০০৭/ ১ ভাদ্র , ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-৫/২০০৭/১৬৪ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সিরাজগঞ্জ, ফেনী ও কুড়িগ্রাম জেলার উলিপুর এলাকায় বন্যা পরিস্থিতির ভয়াবহতার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবহেলা ও দায়-দায়িত্ব নিরূপণের জন্য নিম্নরূপ আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করেছে:

**(ক) কমিটির গঠন ঃ**

(১) জনাব এ . এস.এম.রশিদুল হাই -সভাপতি
ভারপ্রাপ্ত সচিব , গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

(২) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের একজন প্রতিনিধি -সদস্য
(যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নয়)

(৩) পানি সম্পদ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি -সদস্য
(যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নয়)

(৪) পানি উন্নয়ন বোর্ডের একজন প্রতিনিধি -সদস্য
(অতিরিক্ত মহাপরিচালক পদমর্যাদার নিম্নে নয়)

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) বাঁধ নির্মাণ ,পুন:নির্মান ও মেরামতের ব্যাপারে কোন কর্মকর্তা বা সংস্থার ইচছাকৃত অবহেলা ,অমনোযোগিতা এবং কর্ম তৎপরতার অভাব ছিল কি না তা নিরূপণসহ দায়ী ব্যক্তিদের চিহ্নিতকরণ এবং সম্ভাব্য প্রতিকারের সুপারিশ প্রণয়ন।
(২) এ ব্যাপারে লক্ষ্যণীয় প্রতিষ্ঠানিক দুর্বলতা চিহ্নিতকরণ এবং সম্ভাব্য প্রতিকারের সুপারিশ প্রণয়ন।
(৩) প্রাসাঙ্গিক অন্য যে কোন বিষয়।

২। পানি সম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা দেবে।

৩। কমিটি এ বিষয়ে একজন অভিজ্ঞ ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৪। কমিটি আগামী ১৫ (পনের) দিনের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে তদন্ত প্রতিবেদন দাখিল করবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৭ জুলাই, ২০০৭/০২ শ্রাবণ, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-৩/২০০৭/১৪২ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৪-০৫-২০০৭ খ্রিঃ তারিখের নং-মপবি/কঃবিঃশাঃ/সক-৩/২০০৭/১০০ - নম্বর প্রজ্ঞাপন মূলে ২০০৬-০৭ অর্থ বৎসরে বোরো উৎপাদনের অতিরঞ্জিত লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং বোরো ধানের সংগ্রহ মূল্য বৃদ্ধির প্রস্তাব আগাম প্রকাশিত হওয়ার বিষয়টি তদন্তের জন্য গঠিত কমিটির প্রতিবেদন দাখিলের সময়সীমা ১৫ দিন বৃদ্ধি করা হয়েছিল। বর্তমানে উক্ত কমিটির প্রতিবেদন দাখিলের সময়সীমা আরও ১(এক) মাস বর্ধিত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৪ জুলাই, ২০০৭/ ০৯ শ্রাবণ, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-৪/২০০৭/১৪৮-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) নির্বাচনের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ কমিটি পুনর্গঠন করেছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব, | - সভাপতি |
| (২) | মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | - সদস্য |
| (৩) | সচিব, শিল্প মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | - সদস্য |
| (৭) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | - সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রেরিত প্রস্তাবসমূহ বিবেচনার লক্ষ্যে সুপারিশ প্রদান।

২। উক্ত কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৫ জুলাই, ২০০৭/ ৩১ আষাঢ়, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১৪/২০০৭/১৩৯-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সারের মূল্য ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা ও সার্বিক সমন্বয় সাধনের জন্য মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-কে আহ্বায়ক করে নিম্নরূপ একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

(১) উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গনশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় - আহ্বায়ক
(২) উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
(৩) উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় - সদস্য
(৪) সচিব, শিল্প মন্ত্রণালয় - সদস্য
(৫) সচিব, কৃষি মন্ত্রণালয় - সদস্য
(৬) সচিব, অর্থ বিভাগ - সদস্য
(৭) সভাপতি, এফবিসিসিআই - সদস্য
(৮) সভাপতি, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন - সদস্য
(৯) চেয়ারম্যান, বিসিআইসি - সদস্য
(১০) মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর - সদস্য
(১১) চেয়ারম্যান, বি.এ.ডি.সি - সদস্য

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) দেশে সকল প্রকার সারের উৎপাদন/আমদানি চাহিদা ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন;
(২) কৃষকদের নিকট সঠিক সময়ে সার সরবরাহের নিশ্চয়তা বিধানকল্পে সার বিতরণ ব্যবস্থা পর্যালোচনা ও এ বিষয়ে সুপারিশ/পরামর্শ প্রদান;
(৩) বর্তমানে সারের ডিলার নিয়োগ পদ্ধতি পর্যালোচনা এবং এর সঠিকতা যাচাই করে সুপারিশ পেশ;
(৪) অন্যান্য সুপারিশমালা যদি থাকে;
(৫) কমিটি বিভিন্ন কৃষি মৌসুমে প্রতিমাসে অন্ততঃ একবার প্রয়োজনে একাধিকবার বৈঠকে বসবে।

২। কৃষি মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। কমিটি প্রয়োজনবোধে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। এতদ্বারা একই বিষয়ে কৃষি মন্ত্রণালয় কর্তৃক নং-কৃষি/ফাঃমনিঃ৯৬/২০০২/২৬৭ তারিখ ২৩-৭-২০০১ প্রজ্ঞাপন মূলে গঠিত "সার বিতরণ জাতীয় সমন্বয় কমিটি" বাতিল করা হলো।

৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৮ জুলাই, ২০০৭/২৪ আষাঢ়, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১২/২০০৭/১৩২ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সার্বিকভাবে জনপ্রশাসনে সংস্কার করে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য 'জনপ্রশাসন সংস্কার ও সুশাসন বিষয়ক মন্ত্রিসভা কমিটি' নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির নাম ঃ** 'জনপ্রশাসন সংস্কার ও সুশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি'

(খ) **কমিটির গঠন ঃ**

(১) প্রধান উপদেষ্টা - আহ্বায়ক

(২) উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় - সদস্য

(৩) উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য

(৪) উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় - সদস্য

(৫) উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় - সদস্য

(গ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
(২) মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়
(৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়
(৪) সচিব, অর্থ বিভাগ
(৫) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
(৬) সচিব, পরিকল্পনা বিভাগ

২। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এতদ্বারা এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২২ জানুয়ারী, ২০০২ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-১১/২০০১/১৭ এবং ০২ এপ্রিল, ২০০২ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-১১/২০০১/৭০ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটি বাতিল করা হলো।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)